যুগান্তর

তারিখ 14 NOV 2017
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

# বরিশালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৯শ' উত্তরপত্র উধাও

## খোঁজ মেলেনি বহনকারী অটোরিকশা ও চালকের

**বরিশাল ব্যুরো**

বরিশালে হদিস মিলছে না নগরীর নথুল্লাবাদ থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের খোয়া যাওয়া ৯শ' উত্তরপত্রের। দুই দিন পার হলেও সন্ধান মেলেনি উত্তরপত্র বহনকারী অটোরিকশা ও চালকের। তবে পরীক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে বিকল্প উত্তরপত্রের ব্যবস্থাও করা হচ্ছে। এ বিষয়ে থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে। মাদারীপুরের ডাসার উপজেলার ডি কে আইডিয়াল সৈয়দ আতাহার আলী একাডেমি অ্যান্ড কলেজ কেন্দ্রের জন্য উত্তরপত্রগুলো নেয়া হয়।

শনিবার দুপুরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বরিশাল আঞ্চলিক কেন্দ্র থেকে উত্তরপত্র নিয়ে মাদারীপুর যাওয়ার জন্য ওই কলেজের প্রভাষক মহিউদ্দিন তালুকদার একটি অটোরিকশা ভাড়া করেন এবং নথুল্লাবাদ বাসস্ট্যান্ডে পৌঁছেন। তিনি উত্তরপত্রগুলো অটোরিকশায় রেখে চালককে দাঁড়াতে বলেন। এরপর বাস কাউন্টারে টিকিট কাটতে যান। ফিরে এসে অটোরিকশা ও উত্তরপত্র কোনোটাই খুঁজে পাননি।